গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২৫.১৮৯ তারিখ : ০১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুন ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে লেবুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং-১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.১৬৪৫; তারিখ: ১৯-০৫-২০২৬ খ্রি.।
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২৫.১৮৮; তারিখ: ১৫-০৬-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে লেবুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে লেবুর চারা ও জৈব সার বিতরণ বাবদ কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৬৬.৫০ লক্ষ (ছেষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি সহায়তার বিবরণ; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন এবং ০৪ নং অনুচ্ছেদে বাস্তবায়ন পদ্ধতি ও শর্তাবলী উল্লেখপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি সহায়তার বিবরণ:

| ক্রমিক নং | উপকরণ/খাত | উপকরণ সহায়তা (কেজি/টি) | একক মূল্য (টাকা) | কৃষক প্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | চারা | ৫.০ | ২৫.০ | ১২৫.০০ |
| ২ | জৈব সার (গোবর সার) | ৩০.০ | ৪.০ | ১২০.০০ |
| | উপমোট | ৩৫.০০ | | ২৪৫.০০ |
| ৪ | পরিবহন ব্যয় | ১.৫০ কেজি প্রতি | | ৫২.৫ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | ১.০০ কেজি প্রতি | | ৩৫.০০ |
| | | | **মোট** | **৩৩২.৫** |

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি):

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষক সংখ্যা (জন) | উপকরণের পরিমাণ | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | ৩২৫১১০৫- সার' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | লেবু চারার পরিমাণ (সংখ্যা) | জৈব সার (টন) | চারার মূল্য | জৈব সার | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | ঢাকা | ৫০০ | ২৫০০ | ১৫ | ০.৬২৫ | ০.৬ | ০.২৬৩ | ০.১৭৫ | ০.৪৩৮ | ১.৬৬৩ |
| ২ | নারায়নগঞ্জ | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ৩ | গাজীপুর | ৫০০ | ২৫০০ | ১৫ | ০.৬২৫ | ০.৬ | ০.২৬৩ | ০.১৭৫ | ০.৪৩৭ | ১.৬৬২ |
| ৪ | নরসিংদী | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ৫ | মুন্সিগঞ্জ | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ৬ | মানিকগঞ্জ | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ৭ | টাঙ্গাইল | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ৮ | কিশোরগঞ্জ | ১৫০ | ৭৫০ | ৪.৫ | ০.১৮৮ | ০.১৮ | ০.০৭৯ | ০.০৫৩ | ০.১৩১ | ০.৪৯৯ |
| ৯ | ময়মনসিংহ | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ১০ | জামালপুর | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ১১ | শেরপুর | ২০০ | ১০০০ | ৬ | ০.২৫ | ০.২৪ | ০.১০৫ | ০.০৭ | ০.১৭৫ | ০.৬৬৫ |
| ১২ | নেত্রকোনা | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ১৩ | কুমিল্লা | ৫০০ | ২৫০০ | ১৫ | ০.৬২৫ | ০.৬ | ০.২৬২ | ০.১৭৫ | ০.৪৩৭ | ১.৬৬২ |
| ১৪ | চাঁদপুর | ২০০ | ১০০০ | ৬ | ০.২৫ | ০.২৪ | ০.১০৫ | ০.০৭ | ০.১৭৫ | ০.৬৬৫ |
| ১৫ | বি-বাড়িয়া | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ১৬ | সিলেট | ৫০০ | ২৫০০ | ১৫ | ০.৬২৫ | ০.৬ | ০.২৬৩ | ০.১৭৫ | ০.৪৩৮ | ১.৬৬৩ |
| ১৭ | মৌলভী বাজার | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ১৮ | হবিগঞ্জ | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষক সংখ্যা (জন) | উপকরণের পরিমাণ | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | ৩২৫১১০৫- সার' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | লেবু চারার পরিমাণ (সংখ্যা) | জৈব সার (টন) | চারার মূল্য | জৈব সার | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১৯ | সুনামগঞ্জ | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ২০ | চট্রগ্রাম | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ২১ | কক্সবাজার | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ২২ | নোয়াখালী | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ২৩ | ফেনী | ২০০ | ১০০০ | ৬ | ০.২৫ | ০.২৪ | ০.১০৫ | ০.০৭ | ০.১৭৫ | ০.৬৬৫ |
| ২৪ | লক্ষীপুর | ২০০ | ১০০০ | ৬ | ০.২৫ | ০.২৪ | ০.১০৫ | ০.০৭ | ০.১৭৫ | ০.৬৬৫ |
| ২৫ | রাঙ্গামাটি | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ২৬ | খাগড়াছড়ি | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ২৭ | বান্দরবান | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ২৮ | রাজশাহী | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ২৯ | নওগাঁ | ২০০ | ১০০০ | ৬ | ০.২৫ | ০.২৪ | ০.১০৫ | ০.০৭ | ০.১৭৫ | ০.৬৬৫ |
| ৩০ | নাটোর | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ৩১ | চাঁপাই নবাবগঞ্জ | ২০০ | ১০০০ | ৬ | ০.২৫ | ০.২৪ | ০.১০৫ | ০.০৭ | ০.১৭৫ | ০.৬৬৫ |
| ৩২ | বগুড়া | ৫০০ | ২৫০০ | ১৫ | ০.৬২৫ | ০.৬ | ০.২৬২ | ০.১৭৪ | ০.৪৩৮ | ১.৬৬৩ |
| ৩৩ | জয়পুরহাট | ২০০ | ১০০০ | ৬ | ০.২৫ | ০.২৪ | ০.১০৫ | ০.০৭ | ০.১৭৫ | ০.৬৬৫ |
| ৩৪ | পাবনা | ২০০ | ১০০০ | ৬ | ০.২৫ | ০.২৪ | ০.১০৫ | ০.০৭ | ০.১৭৫ | ০.৬৬৫ |
| ৩৫ | সিরাজগঞ্জ | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ৩৬ | রংপুর | ৫০০ | ২৫০০ | ১৫ | ০.৬২৫ | ০.৬ | ০.২৬৩ | ০.১৭৩ | ০.৪৩৭ | ১.৬৬২ |
| ৩৭ | গাইবান্ধা | ২৫০ | ১২৫০ | ৭.৫ | ০.৩১৩ | ০.৩ | ০.১৩১ | ০.০৮৮ | ০.২১৯ | ০.৮৩২ |
| ৩৮ | কুড়িগ্রাম | ২০০ | ১০০০ | ৬ | ০.২৫ | ০.২৪ | ০.১০৫ | ০.০৭ | ০.১৭৫ | ০.৬৬৫ |
| ৩৯ | লালমনিরহাট | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৪ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ৪০ | নীলফামারী | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ৪১ | দিনাজপুর | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৩ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ৪২ | ঠাকুরগাঁও | ২৫০ | ১২৫০ | ৭.৫ | ০.৩১৩ | ০.৩ | ০.১৩১ | ০.০৮৮ | ০.২১৯ | ০.৮৩২ |
| ৪৩ | পঞ্চগড় | ২৫০ | ১২৫০ | ৭.৫ | ০.৩১৩ | ০.৩ | ০.১৩ | ০.০৮৮ | ০.২১৯ | ০.৮৩২ |
| ৪৪ | যশোর | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ৪৫ | ঝিনাইদহ | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৭ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ৪৬ | মাগুড়া | ১৫০ | ৭৫০ | ৪.৫ | ০.১৮৮ | ০.১৮ | ০.০৭৯ | ০.০৫৩ | ০.১৩১ | ০.৪৯৯ |
| ৪৭ | কুষ্টিয়া | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ৪৮ | চুয়াডাঙ্গা | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৮ | ০.১০৫ | ০.২৬৩ | ০.৯৯৮ |
| ৪৯ | মেহেরপুর | ২০০ | ১০০০ | ৬ | ০.২৫ | ০.২৪ | ০.১০৪ | ০.০৭ | ০.১৭৫ | ০.৬৬৫ |
| ৫০ | খুলনা | ৫০০ | ২৫০০ | ১৫ | ০.৬২৫ | ০.৬ | ০.২৬২ | ০.১৭৫ | ০.৪৩৭ | ১.৬৬২ |
| ৫১ | বাগেরহাট | ১৫০ | ৭৫০ | ৪.৫ | ০.১৮৮ | ০.১৮ | ০.০৭৮ | ০.০৫৩ | ০.১৩১ | ০.৪৯৯ |
| ৫২ | সাতক্ষীরা | ১৫০ | ৭৫০ | ৪.৫ | ০.১৮৭ | ০.১৮ | ০.০৭৮ | ০.০৫৩ | ০.১৩১ | ০.৪৯৮ |
| ৫৩ | নড়াইল | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ৫৪ | বরিশাল | ৫০০ | ২৫০০ | ১৫ | ০.৬২৫ | ০.৬ | ০.২৬২ | ০.১৭৫ | ০.৪৩৭ | ১.৬৬২ |
| ৫৫ | পিরোজপুর | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৭ | ০.১০৫ | ০.২৬২ | ০.৯৯৭ |
| ৫৬ | ঝালোকাঠি | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ৫৭ | পটুয়াখালি | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ৫৮ | বরগুনা | ৪০০ | ২০০০ | ১২ | ০.৫ | ০.৪৮ | ০.২১ | ০.১৪ | ০.৩৫ | ১.৩৩ |
| ৫৯ | ভোলা | ১৫০ | ৭৫০ | ৪.৫ | ০.১৮৭ | ০.১৮ | ০.০৭৮ | ০.০৫৩ | ০.১৩১ | ০.৪৯৮ |
| ৬০ | ফরিদপুর | ৩০০ | ১৫০০ | ৯ | ০.৩৭৫ | ০.৩৬ | ০.১৫৭ | ০.১০৫ | ০.২৬২ | ০.৯৯৭ |
| ৬১ | মাদারিপুর | ১৫০ | ৭৫০ | ৪.৫ | ০.১৮৭ | ০.১৮ | ০.০৭৮ | ০.০৫৩ | ০.১৩ | ০.৪৯৭ |
| ৬২ | গোপালগঞ্জ | ১৫০ | ৭৫০ | ৪.৫ | ০.১৮৭ | ০.১৮ | ০.০৭৯ | ০.০৫৩ | ০.১৩ | ০.৪৯৭ |
| ৬৩ | রাজবাড়ী | ১৫০ | ৭৫০ | ৪.৫ | ০.১৮৭ | ০.১৮ | ০.০৭৯ | ০.০৫৩ | ০.১৩ | ০.৪৯৭ |
| ৬৪ | শরিয়তপুর | ১৫০ | ৭৫০ | ৪.৫ | ০.১৮৭ | ০.১৮ | ০.০৭৮ | ০.০৫৩ | ০.১৩ | ০.৪৯৭ |
| মোট | | ২০০০০ | ১০০০০০ | ৬০০ | **২৫.০০** | **২৪.০০** | ১০.৫০ | ৭.০০ | **১৭.৫০** | **৬৬.৫০** |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে **PPA' 2006 ও PPR' 2025** অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের লেবু আবাদের জমি এবং লেবু আবাদের সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজন করবেন। উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে লেবু চাষাবাদের উপযুক্ততা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন। তদানুযায়ী উপসহকারী কৃষি কর্মকর্তা লেবু চাষাবাদকারী উপযুক্ত আগ্রহী কৃষকের অগ্রাধিকার তালিকা প্রণয়ন করবেন তালিকা প্রস্তুতের সময় ইউনিয়ন/ উপজেলার রাস্তাকে অগ্রাধিকার দিয়ে রাস্তার পাশের জমির মালিকগণকে অগ্রাধিকার দিতে হবে, যাতে ভবিষ্যতে পরিচর্যা করতে তুলনামুলক সহজ হয় এবং উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত অগ্রাধিকার তালিকা অনুমোদন করবেন।

৩. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৫. জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৬. অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে লেবু চাষে সর্বাধিক ০৫ (পাঁচ) টি লেবু চারা সহায়তা প্রদান করা যাবে;

৭. ২০২৫-২৬ মৌসুমে লেবু চাষে সহযোগিতার জন্য প্রান্তিক ও ক্ষুদ্র, লেবু চাষে আগ্রহী এবং আবাদি জমি আছে এমন কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক লেবু চাষের জন্য ৫ (পাঁচ) টি করে লেবুর চারা সহায়তা পাবেন;

৮. স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল লেবু চারা বিনা/হর্টিকালচার সেন্টার হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

৯. কর্মসূচির গুনগত মানসম্পন্ন সার (জৈব সার) সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারি প্রতিষ্ঠান/প্রতিষ্ঠিত স্থানীয় উদ্যোক্তা কৃষক/ব্যবসায়ী নিকট হতে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে;

১০. জেলা হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১১. এ কর্মসূচির আওতায় রোপনকৃত চারার সার্বিক প্রতিবেদন প্রতিবছর জুন মাসে বার্ষিক প্রতিবেদন ই-মেইলযোগে **admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd** এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে (**E-mail-input2@moa.gov.bd** ও **moa.input2@gmail.com**) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

১২. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ (এক) কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ৬১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি এবং ৩ টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৩. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৬১ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ৩ (তিন) টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

১৪. **অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;**

১৫. **সার, চারা ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে; এবং**

১৬. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে; এবং**

১৭. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:

উপজেলার নাম:

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষক/প্রতিষ্ঠানের নাম ও মালিকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ, সার ও কীটনাশক সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | চারার নাম ও জাত-<br>চারার পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ- | |

১৫/০৬/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬১ জেলা)।

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২৫.১৮৯

তারিখ : ০১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুন ২০২৬

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (বীজ/সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**

৮. মাননীয় কৃষি মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪ জেলা)।
১৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ) ।**
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬/১০/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব